



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/গোপ/মাধ্য/পনি-৮৬

তারিখ : ১৯ জানুয়ারি ২০১৭

বিষয় : ২০১৭ সালের এসএসসি পরীক্ষার সময় বিভাজন সংক্রান্ত

সূত্র : আশিবোপনিউক/২০০৯/১০৮ তারিখ : ১০/০১/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক ২০১৭ সালের এসএসসি পরীক্ষার নম্বর বন্টন পরিবর্তন করায় উল্লিখিত পরীক্ষার নিম্নরূপ সময় বিভাজন করা হ'ল :

- ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।
- ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) অংশের জন্য সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।
- পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

ক. সকাল ১০ টা থেকে অনুষ্ঠিতব্য পরীক্ষার ক্ষেত্রে

সকাল ৯.৪৫ টায় অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ

সকাল ১০ টায় বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ

সকাল ১০.৩০ টায় বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় সকাল ১০.২৫ টা পর্যন্ত)

খ. দুপুর ২ টা থেকে অনুষ্ঠিতব্য পরীক্ষার ক্ষেত্রে

দুপুর ১.৪৫ টায় অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ

দুপুর ২ টায় বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ

দুপুর ২.৩০ টায় বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে সময় দুপুর ২.২৫ টা পর্যন্ত)

কেন্দ্র সচিব, কক্ষ পরিদর্শক, পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময় বিভাজন যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

যোগাযোগ

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)

০৭২১-৭৭৫৮৫১, ০১৭১১-০৬৬৭৫৩

প্রফেসর তরুণ কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী